

১১ দিনের ছুটিতে যাচ্ছে বাকুবি

বাকুবি প্রতিনিধি

১৭ মার্চ, ২০২৫
১৯:৩০

শেয়ার

অ +

অ -



সংগৃহীত ছবি

পবিত্র রমজান, মহান স্বাধীনতা ও জাতীয় দিবস, শব-ই-কদর, জুমাতুল বিদা ও ঈদ-উল-ফিতর উপলক্ষে ১১ দিনের ছুটিতে যাচ্ছে বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (বাকুবি)।

সোমবার (১৭ মার্চ) বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত রেজিস্ট্রার ড. মো. হেলাল উদ্দীন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বিজ্ঞপ্তিতে বলা হয়, আগামী ২৫ মার্চ (মঙ্গলবার) থেকে ৫ এপ্রিল (শনিবার) পর্যন্ত বিশ্ববিদ্যালয়ের সব ক্লাস ও অফিস বন্ধ থাকবে। তবে জরুরি সেবাসমূহ নির্ধারিত নিয়মে চালু থাকবে।

বিশ্ববিদ্যালয়ের হেলথ কেয়ার সেন্টার ঈদের দিন ও পরদিন বন্ধ থাকবে। এছাড়া জরুরি কাজের জন্য ৩ এপ্রিল (বৃহস্পতিবার) সকাল ৯টা থেকে দুপুর ১টা পর্যন্ত রোস্টার ডিউটির ব্যবস্থা রাখতে হবে।

বিশ্ববিদ্যালয়ের খামার ব্যবস্থাপনা শাখা, ডেইরি ফার্ম, পোল্ট্রি ফার্ম, কৃষিতত্ত্ব ল্যাবরেটরি, উদ্যানতত্ত্ব খামার, ফিশ ফার্ম, কৃত্রিম প্রজনন কেন্দ্র, গ্যারেজ ও ওয়ার্কশপ, বোটানিক্যাল গার্ডেন, ভেটেরিনারি টিচিং হাসপাতাল, ওয়েদার ইয়ার্ড, পাওয়ার হাউজ, পানি সরবরাহ শাখা, যন্ত্র সংরক্ষণ শাখা (পিএবিএক্স), স্বাস্থ্য প্রতিষেধক শাখা ও আইসিটি সেলের কার্যক্রম ন্যূনতম সংখ্যক কর্মচারীর মাধ্যমে চালু থাকবে।